কৃষিই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
সম্প্রসারণ-৪ অধিশাখা
www.moa.gov.bd

নং-১২.০০.০০০০.০৫৫.২৭.০১৮.১৯.৩৯ তারিখঃ ১৮ ফেব্রুয়ারি ২০২০

প্রজ্ঞাপন

যেহেতু বিসিএস (কৃষি) ক্যাডারভুক্ত কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের কর্মকর্তা জনাব সাবিহা আফরোজ চৈতী (পরিচিতি নং-২৯৫১), উদ্যানতত্ত্ববিদ, আসাদগেট হর্টিকালচার সেন্টার, ঢাকা এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা-২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী "অসদাচরণ" অভিযোগে কৃষি মন্ত্রণালয়ের গত ১৪ মে ২০১৯ তারিখের ১২.০০.০০০০.০৫৫.২৭.০১৮.১৯.১৪২ সংখ্যক স্মারকে বিভাগীয় মামলা (মামলা নং-১৩/২০১৯) রুজু করতঃ অভিযোগনামা (১ম কারণ দর্শানো নোটিশ) ও অভিযোগ বিবরণী জারি করা হয়;

যেহেতু অভিযুক্ত কর্মকর্তা ১ম কারণ দর্শানো নোটিশের পরিপ্রেক্ষিতে তাঁর লিখিত জবাব দাখিলপূর্বক ব্যক্তিগত শুনানি প্রার্থনা করলে গত ১৬ জুলাই ২০১৯ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়;

যেহেতু অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ তদন্তের জন্য সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৭(২)(ঘ) মোতাবেক তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয় এবং তদন্তে অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়নি;

যেহেতু অভিযুক্ত কর্মকর্তা-কে অভিযোগ হতে অব্যাহতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়;

সেহেতু জনাব সাবিহা আফরোজ চৈতী (পরিচিতি নং-২৯৫১), উদ্যানতত্ত্ববিদ, আসাদগেট হর্টিকালচার সেন্টার, ঢাকা এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী "অসদাচরণ" এর দায়ে রুজুকৃত বিভাগীয় মামলা (মামলা নং-১৩/২০১৯) হতে তাঁকে অব্যাহতি প্রদান করা হলো।

এ আদেশ জারির তারিখ হতে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(মোঃ নাসিরুজ্জামান)
সচিব

নং-১২.০০.০০০০.০৫৫.২৭.০১৮.১৯.৩৯ তারিখঃ ১৮ ফেব্রুয়ারি ২০২০

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ(জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১। সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগরগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।
৩। মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।
৪। পরিচালক, প্রশাসন ও অর্থ উইং/প্রশিক্ষণ উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।
৫। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
৬। উপসচিব, এসিআর শাখা, কৃষি মন্ত্রণালয় (সংশ্লিষ্ট কর্মকর্তার ডোসিয়ারে সংরক্ষণের জন্য)।
৭। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়।
৮। সচিব মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়।
৯। সিনিয়র সহকারী সচিব, সম্প্রসারণ-১ শাখা, কৃষি মন্ত্রণালয়।
১০। উপপরিচালক, সরকারী ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (সরকারী গেজেটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
১১। সাবিহা আফরোজ চৈতী (পরিচিতি নং-২৯৫১), উদ্যানতত্ত্ববিদ, আসাদগেট হর্টিকালচার সেন্টার, ঢাকা।
১২। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, সেগুনবাগিচা, ঢাকা।
১৩। সহকারী প্রোগ্রামার, আইসিটি সেল, কৃষি মন্ত্রণালয়, ঢাকা (প্রজ্ঞাপনটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
১৪। অতিরিক্ত সচিব (সম্প্র: অনু:) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, ঢাকা।
১৫। অফিস কপি।

১৮.০২.২০২০

(মোঃ জসিম উদ্দিন)
উপ সচিব